মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিবর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন


# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
# Bangladesh Rural Electrification Board

ISO 9001: 2008
ISO 14001:2004
OHSAS 18001:2007 CERTIFIED

পবিস ঋণ ও বাজেট পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমী ভবন
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন ঃ ৮৯০০৩০১
e-mail no: rebloansbudget@gmail.com


স্মারক নং-২৭.১২.০০০০.০২৪.০২.০০৪.২২. ২৮৯ তারিখঃ ০৪ ফাল্গুন- ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ ফেব্রুয়ারি-২০২২ খ্রিঃ।

বিষয়ঃ **৮০টি পবিস এর ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত এবং ২০২২-২৩ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব ও মূলধনী বাজেট বন্টন।**

৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত এবং ২০২২-২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছে। এ অনুমোদনের উপর ভিত্তি করে আপনার সমিতির বাজেট বন্টন বিবরণী অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অত্রসাথ সংযুক্ত করে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, বরাদ্দকৃত বাজেটের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে খাত ভিত্তিক ব্যয় নিয়ন্ত্রণের লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য অনুরোধ করা হলোঃ

ক) সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণ সংশ্লিষ্ট খাতের বাজেট বরাদ্দের ভিত্তিতে ব্যয় নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং বিভিন্ন বিভাগ থেকে সমিতির অর্থ বিভাগে বিল প্রেরণকালে সংশ্লিষ্ট খাতের বিপরীতে বাজেট সংস্থান আছে কিনা তা নিশ্চিত হয়ে বিল প্রত্যয়ন করতে হবে।

খ) সমিতিভিত্তিক বরাদ্দকৃত খাতসমূহে বাজেট বরাদ্দের অতিরিক্ত বাজেট অপরিহার্য হলে, উক্ত খাতে ব্যয় নির্বাহের পূর্বেই আবশ্যিকভাবে অত্র পরিদপ্তর হতে বাজেট ছাড়পত্র গ্রহণ করতে হবে। উল্লেখ্য, ঘটনাত্তোর বাজেট অনুমোদন দেয়া হবে না।

গ) রাজস্ব ও মূলধনী বাজেট নিয়ন্ত্রণের সুবিধার্থে ব্যয়ের খাত ভিত্তিক যথাযথ হিসাবভূক্তি নিশ্চিত করতে হবে।

ঘ) এক সিডিউলের বিপরীতে বরাদ্দকৃত অর্থ অন্য সিডিউলে অর্ন্তভূক্ত/সমন্বয় করা যাবে না। তবে একই সিডিউলের বিপরীতে বরাদ্দকৃত খাতের বিপরীতে আন্তঃখাত সমন্বয় প্রয়োজন হলে অত্র পরিদপ্তরের পূর্বানুমোদন সাপেক্ষে আন্তঃখাত সমন্বয় করা যাবে।

ঙ) হিসাবভূক্তির সুবিধার্থে কোন খাতে গৃহিত অগ্রিম ০১ (এক) মাসের মধ্যে (অগ্রিম গ্রহণের তারিখ হতে) সমন্বয় করতে হবে। তবে মে ও জুন মাসে অগ্রিম গ্রহণের ক্ষেত্রে ৩০ জুন এর মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।

চ) মূলধনী বাজেটের পরিবহন (সিডিউল-৫) এর সম্পূর্ন অর্থ রাজস্ব বাজেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ (সিডিউল-১) এর উপখাত মালামাল পরিবহন খাতে অর্ন্তভূক্ত করা হয়েছে এবং বিবিধ পরিচালন ব্যয় এর ক্রমিক নং-১৭ এর অর্থ স্টেশনারি খাতে অর্ন্তভূক্ত করা হয়েছে।এ অর্ন্তভুক্তি অনুযায়ী বর্তমান অর্থ বছর থেকে ব্যয় নির্বাহ করতে হবে।

ছ) সমিতিসমূহ হতে ১৬/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাপ্ত চাহিদা অনুযায়ী অতিরিক্ত বাজেট, আন্তঃ সিডিউল সমন্বয় এবং আন্তঃখাত সমন্বয় করতঃ হিসাবভূক্ত করে চূড়ান্ত বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে।

জ) সংশোধিত বাজেট বরাদ্দকৃত মূলধনী ও রাজস্ব বাজেট সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক বাজেটের শতভাগ খরচ করা যাবে। তবে, যানবাহন ক্রয় (সিডিউল-১৩) খাতে বরাদ্দকৃত বাজেটের ৫০% অধিক অর্থ খরচ করা যাবে না।

ঝ) বাজেট বরাদ্দ সংক্রান্ত যে কোন সমস্যার সৃষ্টি হলে যথাসময়ে অত্র পরিদপ্তরকে অবহিত করতে হবে।

ঞ) সকল খাতের বাজেট ছাড়পত্রের চাহিদা ই-নথি/ই-মেইলে পবিস ঋণ ও বাজেট পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

১৭/২/২০২২
(মোঃ হোসেন পাটোয়ারী)
পরিচালক

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। প্রধান প্রকৌশলী (প্রকল্প /পওপ), বাপবিবো, ঢাকা।

০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী / কুমিল্লা, বাপবিবো, ঢাকা।

০৪। পরিচালক, অর্থ/ হিসাব/ পবিস নিরীক্ষা / এফএম (উত্তর/ এফএম (দক্ষিণ / পূর্ত অডিট সেল)/ পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিনাঞ্চল/ পূর্বাঞ্চল) / এসইএন্ডডি / নবায়নযোগ্য জ্বালানি/ পবিস মানব সম্পদ / সংগ্রহ / সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় অঞ্চল), বাপবিবো, ঢাকা।

০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর)/ ময়মনসিংহ জোন/ রংপুর জোন / সিলেট জোন/ চট্টগ্রাম জোন/ কুমিল্লা জোন/ বরিশাল জোন / ফরিদপুর জোন/ যশোর জোন/ রাজশাহী জোন / বগুড়া জোন/ জেনারেশন/ গ্রীড ও উপকেন্দ্র/ এনার্জি অডিট এন্ড ট্যারিফ / জিআইএস / গবেষণা ও উন্নয়ন, বাপবিবো, ঢাকা।

০৬। একান্ত সচিব, চেয়ারম্যান ,বাপবিবো, ঢাকা।

০৭। একান্ত সচিব, সদস্য (অর্থ)/ সমিতি ব্যবস্থাপনা (পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।

১৭/০২/২২

(পাবেল মিয়া)
সহকারী পরিচালক (অর্থ)